

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ২২৭

8/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪/১৭. তাশাহ্হুদ পড়ার পর নবী (্ৣ৽) এর উপর দুরূদ পড়া

الصلاة على النبي صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بعد التشهد

## আরবী

حَدِيْثُ كَعْبُ بْنُ عُجْرَةً عَن عَبْدِ الرَّحْمَنِ بْنَ أَبِي لَيْلَى قَالَ لَقِيَنِي كَعْبُ بْنُ عُجْرَةً فَقَالَ أَلْا أَهْدِي لَكَ هَدِيَّةً سَمِعْتُهَا مِنْ النَّبِيِّ صلى الله عليه وسلم فَقُلْتُ بَلَى فَأَهْدِهَا لِي فَقَالَ سَأَلْنَا رَسُولَ اللهِ كَيْفَ الصَّلاَةُ عَلَيْكُمْ أَهْلَ سَأَلْنَا رَسُولَ اللهِ كَيْفَ الصَّلاَةُ عَلَيْكُمْ أَهْلَ الْبَيْتِ فَإِنَّ اللهَ قَدْ عَلَّمَنَا كَيْفَ نُسَلِّمُ عَلَيْكُمْ قَالَ قُولُوا اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَيْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ عَلَى عَلَى آلِ مُحَمَّدٍ مَجِيدٌ اللَّهُمُّ بَارِكُ عَلَى مُحَمَّدٍ مَجِيدٌ اللَّهُمَّ بَارِكُ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ وَعَلَى آلِ مُحَمَّدٍ مَجِيدٌ اللَّهُ عَرِيدٌ مَجِيدٌ اللّهَ عَلَى اللهَ عَلَى اللهَ عَلَى آلِ عَلَى آلِ عَلَى الْ إِبْرَاهِيمَ وَعَلَى آلَ إِنْ مَعْمَدُ وَعَلَى آلَ عَلَى الْ إِنْ مَا عَلَى اللّهُ عَلَى الْ إِنْ مَلْ إِنْ مَا عِلْمَ عَلَى الْ إِنْ مُعْمِيدٌ مَجِيدٌ مَا عَلَى اللهَ عَلَى اللهِ عَلَى اللهُ عَلَى اللهِ عَلَى الْعَلَى الْعَلَى الْعَلَى الْعَلَى الْعَلَى الْعَلَى الْعَلَى عَلَى الْعَلَى الْعَلَى الْعَلَى الْعَلَى الْعَلَى الْعَلَى الْعِيمَ الْعَلَى الْعَلَى الْعَلَى الْعَلَى الْعَلَى الْعَلَى الْعَلَى الْعَلَى الْعَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهُ عَلَى اللهَ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهُ عَلَى الْعَلَى الْعَلَى الْعَلَى اللهَ عَلَى الْعَلَى الْعَلَالَ عَلَى الْعَلَى الْعَلَى الْعِلَا عَلَى الْعَلَى الْعَلَى الْع

## বাংলা

২২৭. কা'ব ইবনু 'উজরা (রাযি.) হতে বর্ণিত, তিনি 'আবদুর রহমান ইবনু আবূ লাইলা (রহ.) হতে বর্ণনা করেন। তিনি বলেন, কা'ব ইবনু 'উজরাহ (রাযি.) আমার সঙ্গে দেখা করে বললেন, আমি কি আপনাকে এমন একটি হাদিয়া দেব না যা আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে শুনেছি? আমি বললাম, হ্যাঁ, আপনি আমাকে সে হাদিয়া দিন। তিনি বললেন, আমরা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করলাম, হে আল্লাহর রসূল! আপনাদের উপর অর্থাৎ আহলে বাইতের উপর কিভাবে দর্নদ পাঠ করতে হবে? কেননা, আল্লাহ তো (কেবল) আমাদেরকে জানিয়ে দিয়েছেন, আমরা কিভাবে আপনার উপর সালাম করব। তিনি বললেন, তোমরা এভাবে বলঃ

''হে আল্লাহ! আপনি মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বংশধরদের উপর রহমত বর্ষণ করুন, যেরূপ আপনি ইবরাহীম ('আ.) এবং তাঁর বংশধরদের উপর রহমত বর্ষণ করেছেন। নিশ্চয়ই আপনি অতি প্রশংসিত, অত্যন্ত মর্যাদার অধিকারী। হে আল্লাহ! মুহাম্মাদ এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বংশধরদের উপর তেমনি বরকত দান করুন যেমনি আপনি বরকত দান করেছেন ইবরাহীম ('আ.) এবং ইবরাহীম ('আ.)-এর বংশধরদের উপর। নিশ্চয়ই আপনি অতি প্রশংসিত, অতি মর্যাদার অধিকারী।



## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬০: নাবীগণের (আঃ) হাদীসসমূহ, অধ্যায় ১০, হাঃ ৩৩৭০; মুসলিম, পর্ব ৪ : সালাত, অধ্যায় ১৭, হাঃ ৪০৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ কা'ব ইবনু 'উজরাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন